দৈনিক সংবাদ

তারিখ 19 JUN 1994 পৃষ্ঠা ১২ কলাম ৭

64

# উন্নয়ন প্রকল্পে প্রাইমারি স্কুলের নাম নির্বাচন প্রক্রিয়া সহজ করা হচ্ছে

।। জাফর ওয়াজেদ ।।

সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় উন্নয়ন প্রকল্পে প্রাথমিক বিদ্যালয়সমূহের নাম নির্বাচন প্রক্রিয়া সহজ করা হচ্ছে। থানা শিক্ষা উন্নয়ন কমিটির মাধ্যমে বিদ্যালয় তালিকাভুক্তির চিন্তা–ভাবনা করা হচ্ছে। জনপ্রতিনিধিদের সুপারিশও বিবেচনায় নেয়া হবে। বর্তমান নীতিমালা অনুযায়ী নাম নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে রয়েছে জটিলতা। শিক্ষা মন্ত্রণালয়ের মতে, এর ফলে সঠিক নির্বাচন অনেক ক্ষেত্রেই হয় না। ঐ সূত্রে আরো জানা গেছে, সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় উন্নয়ন প্রকল্পে প্রাথমিক বিদ্যালয়সমূহের নির্বাচন প্রক্রিয়া কিভাবে সহজ করা যায়, সে বিষয়ে পর্যালোচনা করা হচ্ছে। পদ্ধতিগত কারণে প্রকল্পে বিদ্যালয় অন্তর্ভুক্তির ক্ষেত্রে ব্যয় হয় দীর্ঘ সময়, তেমনি নাম নির্বাচনে অনেক সময় অনুন্নত বিদ্যালয়গুলো অগ্রাধিকার পায় না। এমনও হয়েছে যে, ইতিপূর্বে উন্নয়ন প্রকল্পের আওতাধীন ছিল এমন বিদ্যালয়ও পরবর্তীতে প্রকল্পভুক্ত হয়েছে।

সূত্রমতে, বর্তমান নীতিমালায় চট্টগ্রাম এবং অন্য বিভাগগুলোর ক্ষেত্রে দু'টি পদ্ধতি গ্রহণ করা হয়। ঢাকা, রাজশাহী, খুলনা ও পরবর্তীতে অন্তর্ভুক্ত বরিশাল বিভাগের বিদ্যালয়সমূহ উন্নয়নের ক্ষেত্রে থানা শিক্ষা কমিটি সরাসরি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে নির্বাচিত স্কুলের তালিকা পাঠায়। অধিদপ্তর থেকে তালিকাটি প্রকল্প সমন্বয়কারীর মাধ্যমে স্টিয়ারিং কমিটিতে চূড়ান্ত নির্বাচনের জন্য পাঠানো হয়।

সূত্র জানায়, চট্টগ্রাম বিভাগের প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের বিদ্যালয় নির্বাচনের ক্ষেত্রে থানা শিক্ষা কমিটি নির্বাচিত নামসমূহ প্রথমে জেলা কমিটিতে পাঠায়। এই কমিটি থেকে তা বিভাগীয় কমিটিতে (পিআরসিসি) পাঠানো হয়। বিভাগীয় কমিটি তা প্রকল্প বাস্তবায়ন সমন্বয় ইউনিটের কাছে তা পাঠানোর পর চূড়ান্ত করার জন্য স্টিয়ারিং কমিটিতে পাঠানো হয়ে থাকে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব এই কমিটির সভাপতি।

সূত্রমতে, সিদ্ধান্ত গ্রহণের স্তর পরিবর্তন করে থানা শিক্ষা উন্নয়ন কমিটির মাধ্যমে প্রস্তাব গ্রহণ ও তা দ্রুত পরীক্ষা করে বিদ্যালয় নির্বাচন করার চিন্তা-ভাবনা করা হচ্ছে। জনপ্রতিনিধিদের সুপারিশও এক্ষেত্রে বিবেচ্য হতে পারে।